মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ৭

মেহেরপুর জেলা পুলিশের ২৪ ঘন্টার অভিযানে নিয়মিত মামলার ৭ আসামি গ্রেফতার হয়েছে।

গ্রেফতারকৃতদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশ ১ আসামি, গাংনী থানা পুলিশের অভিযানে ৪ জন ও জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) পুলিশের অভিযানে ২ জন রয়েছেন।

মঙ্গলবার (৩০ আগষ্ট) সকাল থেকে আজ বুধবার (৩১ আগষ্ট) ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে পুলিশের একাধিক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সদর থানার থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও জেলা গোয়েন্দা পুলিশ ডিবির ওসি সাইফুল আলমের নেতৃত্বে পুলিশের একাধিক টিম অভিযানে অংশ নেন।

এসময় সদর থানায় একটি মারামারি ও দুটি মাদক আইনে এবং গাংনী থানায় একটি মারামারি মামলা এফআইআরভূক্ত হয়েছে।

আজ বুধবার (৩১ আগষ্ট) সকালের দিকে গ্রেফতারকৃতদের আদালতে সোপর্দ করা হয়েছে বলে জানিয়েছে সংশ্লিষ্ট সূত্র।

মেহেরপুর সরকারি কলেজের অধ্যাপক এস এম জিয়াউল ইসলাম মারা গেছেন

মেহেরপুর সরকারি কলেজের প্রাণিবিদ্যা বিভাগের বিভাগীয় প্রধান ও সহযোগী অধ্যাপক এস এম জিয়াউল ইসলাম দুরারোগ্য ব্যধি ক্যান্সারে

আক্রান্ত হয়ে মারা গেছেন।

আজ বুধবার (৩১ আগষ্ট) দুপুর ১২ টার মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন তিনি। (ইন্না- লিল্লাহ ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

মৃত্যুকালে তার দুই মেয়ে, স্ত্রী, ভাই বোন আত্মীয় স্বজন, সহকর্মি ও অসংখ্য গুনগ্রাহী রয়েছেন। তার বড় মেয়ে নওরিন ফরিদপুর মেডিকেল কলেজের ছাত্রী ও ছোট মেয়ে নওশীন দ্বিতীয় শ্রেনীর ছাত্রী।

অধ্যাপক এস এম জিয়াউল ইসলাম মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামের অবসরপ্রাপ্ত শিক্ষক সিরাজুল ইসলামের ছেলে। সে বর্তমানে মেহেরপুর শহরের পন্ডের ঘাট এলাকায় বসবাস করতেন।

পারিবারিকভাবে জানা গেছে, অধ্যাপক এস এম জিয়াউল ইসলাম দীর্ঘদিন যাবৎ দুরারোগ্য ব্যাধি ক্যান্সারে আক্রান্ত ছিলেন। বিভিন্ন স্থানে চিকিৎসা নিয়েছেন তিনি। অবশেয়ে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন।

বেগমপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আসলামকে দল থেকে বহিষ্কার

চুয়াডাঙ্গার বেগমপুর ইউনিয়ন বিএনপি’র সাধারণ সম্পাদক আসলাম হোসেনকে দায়িত্ব থেকে অব্যাহতি দেয়া হয়েছে।

গত সোমবার চুয়াডাঙ্গা জেলা বিএনপি’র আহ্বায়ক মাহমুদ হাসান খান বাবু ও সদস্য সচিব মো. শরীফুজ্জামান শরীফ স্বাক্ষরিক এক প্রেসবিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়ে বলা হয়, বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়ন শাখার নির্বাচিত সাধারণ সম্পাদক মোঃ আসলাম হোসেনকে দলীয় শৃঙ্খলা ভঙ্গের দায়ে নিজ পদ থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।

একই সাথে মো. আব্দুর রহিম বাদশাকে বেগমপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদকের দায়িত্ব দেওয়া হয়েছে। এখন থেকে তিনি সাধারণ সম্পাদক হিসেবে বিএনপির সকল দায়িত্ব পালন করবেন।

উল্লেখ্য মো. আসলাম হোসেন ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক থাকা অবস্থায় গত ১৫ আগস্ট শেখ মুজিবুর রহমানের পুষ্পস্তবক অর্পণ করেন। দল পর্যায়ের নেতাকর্মীরা তার শাস্তিমূলক ব্যবস্থার দাবি জানান।

তারই পরিপ্রেক্ষিতে চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহ্বায়ক মাহমুদ হাসান খান বাবু ও সদস্য সচিব মো. শরীফুজ্জাম শরীফ এ সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

আলমডাঙ্গার কুমারি ‘বীর নিবাস’ নির্মাণে অনিয়ম। নিম্নমানের সামগ্রী ব্যবহারের অভিযোগ

আলমডাঙ্গায় বীর মুক্তিযোদ্ধাদের আবাসন (বীর নিবাস) নির্মাণ কাজে ব্যাপক অনিয়মের অভিযোগ উঠেছে। একই গ্রামে দুই মুক্তিযোদ্ধার দুই ঘর নির্মাণে ভিন্ন মাত্রার অনিয়মের অভিযোগ পাওয়া গেছে।

অভিযোগসূত্রে জানা যায়,আলমডাঙ্গা উপজেলায় মুক্তিযোদ্ধাদের জন্য ৪৯ টি “বীর নিবাস’ নির্মাণ করা হচ্ছে। ১৩ লাখ ৪০ হাজার টাকা ব্যয়ে প্রতিটি বীর নিবাস নির্মাণ করা হচ্ছে।

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কার্যালয় সূত্রে জানা যায়, ২০২০-২০২১ অর্থ বছরে মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় থেকে আলমডাঙ্গা উপজেলায় ৪৯ জন বীর মুক্তিযোদ্ধা পরিবারকে আবাসন (বীর নিবাস) নির্মাণের জন্য ৬৫ কোটি ৮০ লাখ ৭ হাজার টাকা বরাদ্দ পাওয়া যায়।

যার প্রতিটি ঘরের নির্মাণের জন্য ব্যয় ধরা হয় ১৩ লাখ ৪৩ হাজার টাকা। দরপত্র আহ্বান করা হলে উন্মুক্ত দরপত্রের মাধ্যমে ঠিকাদার নির্বাচিত হন আলমডাঙ্গা নীলমণিগঞ্জের বখতিয়ারের ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স বখতিয়ার উদ্দীন।

উপজেলার কুমারী গ্রামে দুটি বীর নিবাস নির্মাণ করা হচ্ছে। বীর মুক্তিযোদ্ধা ইউসুফ আলী ও ফরোজ আলীর পরিবারের জন্য। কার্যাদেশ পেয়ে ঘরের নির্মাণ কাজ শুরু করেন ওই ঠিকাদার।

কিন্তু ঠিকাদার নির্মাণ কাজের নিয়ম-কানুনের তোয়াক্কা না করে নিম্নমানের নির্মাণ সামগ্রী ব্যবহার করে নির্মাণ কাজ চালিয়ে যাচ্ছেন বলে অভিযোগ উঠেছে। ১নং ইটের পরিবর্তে ২ নং ইট ব্যবহার ও নির্মাণ কাজে পরিমাণ মতো সিমেন্টও ব্যবহার করা হচ্ছে না বলে অভিযোগ করেছেন খোদ উপকারভোগী বীর মুক্তিযোদ্ধা ইউসুফ আলী।

নিবাসটি নির্মাণে ২ নং ইট ও ৬:১ (বালি:সিমেন্ট) হারে ও বীর মুক্তিযোদ্ধা ফরোজ আলীর নিবাস নির্মাণে বালু: সিমেন্টের পরিমাণ ৫:১ ব্যবহার করা হচ্ছে।

গ্রামবাসীরা অভিযোগ করে বলেছেন যে, বীর মুক্তিযোদ্ধা ফরোজ আলীর তুলনায় বীর মুক্তিযোদ্ধা ইউসুফ আলী বয়সের ভারে নুয়ে পড়েছেন। সে কারণে তাঁব ঘর নির্মাণে আরও বেশি অনিয়ম হচ্ছে।

বীর মুক্তিযোদ্ধা ইউসুফ আলী অভিযোগ করে বলেন যে, ২ নং ইট দিয়ে জাতির শ্রেষ্ঠ সন্তানের ঘর নির্মাণ করা হচ্ছে। এটা জাতির জন্য কলঙ্কের। তাছাড়া সিমেন্টের ভাগ কম ও বালি বেশি দেওয়া হচ্ছে। এই অনিয়মে আমি খুব কষ্ট পেয়েছি।

সংশ্লিষ্ট ঠিকাদার বখতিয়ার উদ্দীন জানান, “কাজটি আমি করছি না। আমার নিকট থেকে কিনে নিয়ে মহাসিন নামের এক ব্যক্তি করছেন। নির্মাণ কাজে ২ নং ইট ব্যবহার করা হলে ইট ফেরত নিয়ে ১ নং ইট দিয়ে নির্মাণ করা হবে।

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক বলেন, “বীর নিবাস” নির্মাণে একটি ঘরেও নিম্নমানের সামগ্রী ব্যবহারের অভিযোগ পেলে সেটি মেনে নেওয়া হবে না। কোনো ঘরে এ ধরনের অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। ইটসহ নিম্নমানের নির্মাণ সামগ্রী গ্রহণযোগ্য হবে না।

জীবননগরে দুই ওষুধের ফার্মেসিকে জরিমানা

চুয়াডাঙ্গার জীবননগর বাসস্ট্যান্ডে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে দুটি ওষুধের ফার্মেসিকে ১২ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

মঙ্গলবার বেলা ১টার দিকে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে জরিমানা আদায় করেন নির্বাহী ম্যাজিস্ট্রেট ও জীবননগর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) তিথি মিত্র।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে, ড্রাগ আইনের ২৭ ধারায় টিপটপ ফার্মেসির মালিক এটিএম জুয়েলকে ২ হাজার টাকা জরিমানা করা হয়। আর একই ধারায় তরফদার মেডিসিন হাউজকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়।

এ সময় চিকিৎসকদের উপহার হিসেবে দেওয়া প্রায় ৩০ হাজার টাকার ওষুধ (স্যাম্পল ওষুধ) জব্দ করা হয়। এ ছাড়া ফার্মেসি থেকে জব্দ করা মেয়াদউত্তীর্ণ ওষুধ ধ্বংস করা হয়।

অভিযানে সহযোগিতা করেন চুয়াডাঙ্গা ওষুধ প্রশাসকের সহকারী পরিচালক কে এম মুহসীনিন মাহবুবসহ জীবননগর থানা-পুলিশের একটি দল।

ঝিনাইদহে বিএনপি’র বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত

জ্বালানী তেলের মূল্য বৃদ্ধি, অসহনীয় লোডশেডিং, দ্রব্যমূল্যের উর্দ্ধগতি, ভোলায় দলীয় দুই নেতা হত্যা ও যশোরে বিএনপি নেতাদের বাড়িতে হামলা ভাংচুরের প্রতিবাদে ঝিনাইদহে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকেলে শহরের উজির আলী স্কুল মাঠে কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে এ সমাবেশের আয়োজন করেন জেলা বিএনপি। দুপুরের পর থেকেই জেলার বিভিন্ন উপজেলা থেকে নেতাকর্মীরা সমাবেশ স্থলে হাজির

হয়।

এর আগে সমাবেশে আসার পথে বিভিন্ন স্থানে তাদের আওয়ামী লীগ ও ছাত্রলীগ কর্মীরা বাঁধা দেয়। আওয়ামী লীগের হামলায় অন্তত ২৫ জন আহত হয় বলে সমাবেশে অভিযোগ করা হয়।

বিকেলে অনুষ্ঠিত সমাবেশে বিএনপির কেন্দ্রীয় নেতা শামসুজ্জামান দুদু, আমিরুজ্জামান খান শিমুল, জয়ন্ত কুমার কুন্ডু, জেলা বিএনপির সভাপতি এম এ মজিদ, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনাসহ অন্যান্যরা বক্তব্য রাখেন। বক্তারা বলেন, দ্রুতই এই সরকারকে ক্ষমতা থেকে নামানো হবে। তাই নেতাকর্মীদের আরও ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান।

হরিণাকুন্ডুতে সাংবাদিক প্রতিপক্ষের হামলার শিকার

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে দেশের কন্ঠ পত্রিকার উপজেলা প্রতিনিধি রাব্বুল হোসেন-কে পিটিয়ে আহত করেছে অন্ত্রধারী প্রতিপক্ষ সন্ত্রাসীরা।

মঙ্গলবার দুপুরে উপজেলার একতারার মোড়ে অবস্থিত প্রেসক্লাবের অফিস কক্ষের সমনে অতর্কিতভাবে এই হামলার ঘটনা ঘটায় সন্ত্রাসীরা। এই ঘটনায় তীব্র নিন্দা জানিয়েছেন উপজেলায় কর্মরত সাংবাদিকরা।

আহত রাব্বুল হোসেন বর্তমানে হরিণাকুণ্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছে। এ ঘটনায় আহত সাংবাদিক হরিণাকুন্ডু থানায় পাঁচজনকে আসামী করে একটি মামলা দায়ের করেছে।

হামলার খবর পেয়ে হরিণাকুণ্ডু থানার অফিসার ইনচার্জ (ওসি) মোহাম্মদ সাইফুল ইসলাম ও পুলিশ পরিদর্শক তদন্ত মোঃ আক্তারুজ্জামান তড়ীৎ গতিতে ঘটনাস্থলে পৌছে কালো মাইক্রোবাস ও মোটরসাইকেলে পালিয়ে যাওয়া হামলাকারীদের পিছনে ধাওয়া করেন।

আহত সাংবাদিক রাব্বুল হোসেন জানান, একটি নতুন প্রেসক্লাব গঠনকে

করে কয়েকজন সন্ত্রাসী আমাকে হুমকি দিয়ে আসছিল, মঙ্গলবার উপজেলার আইজদ্দির মোড়ে আমার নতুন অফিসে কাজ করছিলাম এসময় ২নং জোড়াদহ ইউনিয়নের চেয়ারম্যান বাবু মিয়ার কালো গাড়িতে কতিপয় সন্ত্রাসী লোহার রড, ডাঁসা, বাঁশের লাঠি দিয়ে আমাকে হঠাৎ করেই মারধর করতে থাকে, এসময় ওসি সাহেব খবর পেয়ে সন্ত্রাসীদের পিছনে ধাওয়া করলে তারা পালিয়ে যায় আর আমাকে উদ্ধার করে হরিনাকুন্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে।

আমি ৫জনকে চিনেছি বাকিরা অপরিচিত। তিনি আরও বলেন আমি ৫ জনের নাম উল্লেখ করে থানায় এজাহার দায়ের করেছি। এই সন্ত্রাসী হামলার সাথে জড়িতদের দ্রুত গ্রেফতার করে আইনের আওতায় আনার দাবী জানান তিনি।

এব্যাপারে হরিনাকুন্ডু থানার অফিসার ইনচার্জ সাইফুল ইসলাম জানান, সাংবাদিক রাব্বুলের উপরে প্রতিপক্ষের হামলা হয়েছে, বিষয়টি নিয়ে থানায় মামলার প্রক্রিয়া চলছে।

মেহেরপুরে এসডিজি-৪ এর ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার অবহতিকরণ সভা অনুষ্ঠিত

মেহেরপুরে এসডিজি-৪ এর ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা এবং শিক্ষা খাতের পরিকল্পনার সাথে সংযুক্ত বিষয়ক অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার দুপুরে মেহেরপুর জেলা পরিষদ কনফারেসন্স হলরুমে এই সভা অনুষ্ঠিত হয়েছে।

জেলা লোকমোর্চা ও কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি সাইদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত অবহিতকরণ সভায় প্রধান অতিথি ছিলেন, মেহেরপুর অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক মো: নাজমুল হুদা।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর পিটিআই এর সুপারিনটেনডেন্ট মুন্সি শহিদুল ইসলাম, মেহেরপুর জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মাহফুজুল হোসেন। এই কর্মসূচীর উদ্দেশ্য বর্ণনা করে বক্তব্য

রাখেন গণস্বাক্ষরতা অভিযানের উপ-কার্যক্রম ব্যবস্থাপক আব্দুর রউফ।

বাংলাদেশের শিক্ষা ব্যবস্থা ও আগামীর দিনের পরিকল্পনা তুলে ধরে বক্তব্য রাখেন অনুষ্ঠানের প্রধান বক্তা আন্তর্জাতিক সংস্থা ইউনেস্কো’র প্রতিনিধি জিয়াউস সবুর।

এসময় মুক্ত আলোচনায় অংশ নিয়ে শিক্ষা কার্যক্রমের উপর মতামত তুলে ধরেন মেহেরপুর সদর উপজেলা যুব উন্নয়ন অফিসার বিপ্লব কুমার কুন্ড, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফারুক হোসেন, সাধারণ সম্পাদক ফজলুল হক মন্টু, আর আর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আলী আশরাফ, আশরাফপুর দাখিল মাদ্রাসার অধ্যক্ষ ইসমাইল হোসেন প্রমুখ।

গণস্বাক্ষরতা অভিযানের সহযোগীতায় স্থানীয় সংস্থা মানব উন্নয়ন কেন্দ্র মউক এই অবহিতকরণ সভার আয়োজন করে।

মউকের প্রকল্প পরিচালক সাদ আহমেদের সঞ্চালনায় অবহিতরকণ সভায় স্বাগত বক্তব্য রাখেন মানব উন্নয়ন কেন্দ্র মউকের নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম।

মেহেরপুর জেলা বিএনপির আন্তর্জাতিক গুম প্রতিরোধ দিবস পালন

জাতিসংঘ কর্তৃক প্রত্যেকটি গুম খুনের আন্তর্জাতিক তদন্তের দাবি এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে গুমের শিকার ব্যাক্তিদের স্মরণে আন্তর্জাতিক গুম প্রতিরোধ দিবস উপলক্ষে বিএনপি’র কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে মেহেরপুর জেলা বিএনপি’র মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকেলে মেহেরপুর জেলা বিএনপির কার্যালয়ের সামনে এ সমাবেশ অনুষ্ঠিত হয়। মিছিল ও সমাবেশের সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় সমাবেশে বক্তব্য রাখেন, জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, জেলা বিএনপি যুগ্ম সম্পাদক আরিজুললা বাবলু মাস্টার, মেহেরপুর সদর উপজেলা বিএনপির সভাপতি অ্যাড. মারুফ আহমেদ বিজন, সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম,যুগ্ম সাধারণ সম্পাদক রাকিবুল হাসান রিপন।

এছাড়াও জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, ছাত্রদল নেতা আকিব জাভেদ সিনজিন, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম প্রমুখ বক্তব্য রাখেন।

এসময় মেহেরপুর জেলা, গাংনী ও মুজিবনগর উপজেলা এবং বিভিন্ন ইউনিয়ন বিএনপি ও এর অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এর আগে আন্তর্জাতিক গুম প্রতিরোধ দিবস উপলক্ষে মেহেরপুর জেলা বিএনপি’র একটি বিক্ষোভ মিছিল বের হয়। মিছিলটি প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে সমাবেশের স্থানে শেষ হয়।

অফিস পোড়ানোর প্রতিবাদে ঝিনাইদহে আ’লীগের বিক্ষোভ সমাবেশ

ঝিনাইদহ সদর উপজেলার সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের কার্যালয় পোড়ানোর প্রতিবাদে ঝিনাইদহ শহরে বিক্ষোভ মিছিল করেছে ঝিনাইদহ জেলা আওয়ামী লীগ।

মঙ্গলবার দুপুরে এ বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। মিছিলটি পায়রা চত্বর থেকে শুরু করে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পোষ্ট অফিস মোড়ে সমাবেশ করে।

জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, যুগ্ম সাধারণ সম্পাদক মাসুদ আহমেদ সঞ্জু, দপ্তর সম্পাদক আসাদুজ্জামান

আসাদ, পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম বিশ্বাস, যুবলীগ নেতা আশফাক মাহমুদ জন, জেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি আহাদুর রহমান খোকন, জেলা ছাত্রলীগের সভাপতি সজীব হোসেন, সাধারণ সম্পাদক আল ইমরানসহ আওয়ামী লীগ, যুবলীগ, শ্রমিক লীগ, ছাত্রলীগের নেতারা বক্তব্য রাখেন।

মিছিল পরবর্তী সংক্ষিপ্ত সমাবেশে বক্তারা এ ঘটনার সাথে জড়িতদের খুঁজে আইনের আওতায় আনার দাবি জানান। উল্লেখ্য মঙ্গলবার রাতে সদর উপজেলার ডাকবাংলা নারায়ণপুর ত্রিমোহনী বাজারে অবস্থিত ৩নং সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের কার্যালয় কে বা করা পুড়িয়ে দেয়। এ ঘটনার জন্য আ’লীগ বিএনপিকে দায়ী করে ঝিনাইদহ সদর থানায় ১০ জনের নামে অভিযোগ করেছে।